বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা
077
তারিখ 18 NOV 1988
পৃষ্ঠা 10 কলাম 1

18 NOV 1988



## কুমিল্লা বোর্ডে মেয়েদের মধ্যে প্রথম

(নিজস্ব সংবাদদাতা)

কুমিল্লা, ১৬ই নবেম্বর।— কুমিল্লা শিক্ষা বোর্ডের এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃষি-বিজ্ঞান বিভাগে এবং মেয়েদের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে হোসনে আরা বেগম। সে অর্থাউড়া শহীদ স্মৃতি কলেজ থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে। হোসনে আরা ৬৭৭ নম্বর পেয়েছে। তার পিতা দৌলত আহমেদ অর্থাউড়ার খরমপুরের অধিবাসী।



## মানবিক বিভাগে প্রথম

(নিজস্ব সংবাদদাতা)

কুমিল্লা, ১৬ই নবেম্বর।— ইমতিয়াজ আহমেদ মিঠু এবার কুমিল্লা শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মানবিক বিভাগে প্রথম স্থান অধিকার করেছে।

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্র ইমতিয়াজ তিনটি বিষয়ে লেটারসহ মোট ৭৮১ নম্বর পেয়েছে। এসএসসিতেও সে মানবিক বিভাগে প্রথম স্থান অধিকার করেছিল। সে লালমাইয়ের জনাব মনিরুল ইসলামের ছেলে। ইমতিয়াজের পছন্দনীয় খেলা ক্রিকেট।



## বাণিজ্য বিভাগে প্রথম

কুমিল্লা, ১৬ই নবেম্বর।— কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্র হুমায়ুন কবীর এবার কুমিল্লা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাণিজ্য বিভাগে প্রথম স্থান অধিকার করেছে।

হুমায়ুন একটি বিষয়ে লেটারসহ মোট ৭২৯ নম্বর পেয়েছে। হুমায়ুন দৈনিক ৭/৮ ঘন্টা লেখাপড়া করেছে। কুমিল্লা শহরের কাপ্তান বাজারের এডভোকেট আবদুল গনির ছেলে হুমায়ুন এমবিএ পড়তে চায়। সে বই পড়া অর্থনীতি ও রাজনীতির খোঁজ-খবর জানতে পছন্দ করে। অবশ্য নিজেকে সরাসরি রাজনীতির সাথে জড়াতে চায় না।